

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা -২ অধিশাখা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬১.৯৯.০০১.১৯-৯১


তারিখঃ ২৫-০৩-২০২০খ্রিঃ

বিষয়ঃ সাধারণ রোগীর চিকিৎসা সেবায় অস্বীকৃতি প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ২৫-০৩-২০২০ তারিখের ৯০ নং স্মারক মূলে সকল পর্যায়ের হাসপাতালসমূহে সাধারণ রোগীর প্রাথমিক চিকিৎসা, ইমারজেন্সী চিকিৎসা, আগত নতুন রোগীকে হাসপাতালে ভর্তি করা সহ ভর্তিকৃত রোগীদের চিকিৎসা সেবা প্রদানে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কোন হাসপাতাল কর্তৃপক্ষ এ নির্দেশ অমান্য করলে ভুক্তভোগীকে তৎক্ষণিকভাবে স্থানীয় সেনাবাহিনীর টহলপোস্টে দায়িত্বরত কর্মকর্তা/নিকটবর্তী থানায় ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে। এ আদেশ আমান্য করলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন বাতিল, লাইসেন্স বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনার আলোকে ৪(চার)টি বহুল প্রচলিত দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচারসহ ব্যাপকভাবে প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিজ্ঞপ্তির নমুনা ১ পাতা


(রোকেয়া খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৫২০
ghm2@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রিন্সিপ্যাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
- ২। পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/গাজীপুর।
- ৩। রেঞ্জ ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/গাজীপুর/ নারায়নগঞ্জ, ময়মনসিংহ।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করতঃ সংশ্লিষ্ট সকলকে ই-মেইল মাধ্যমে প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (সকল), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিজ্ঞপ্তির নমুনা

সকল পর্যায়ের হাসপাতালসমূহে সাধারণ রোগীর প্রাথমিক চিকিৎসা, ইমারজেন্সী চিকিৎসা, আগত নতুন রোগীকে হাসপাতালে ভর্তি করাসহ ভর্তিকৃত রোগীদের চিকিৎসা সেবা প্রদানে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কোন হাসপাতাল কর্তৃপক্ষ এ নির্দেশ অমান্য করলে ভুক্তভোগী তাৎক্ষণিকভাবে স্থানীয় সেনাবাহিনীর টহলপোস্টে দায়িত্বরত কর্মকর্তা/নিকটবর্তী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



২৫.৬.২০২০

রোকেয়া খাতুন
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পরজাতন্ত্রী বাংলাদেশ সরকার